গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
আইসিটি টাওয়ার (৬ষ্ঠ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭
www.sheikhrusseldigitallab.gov.bd

# "শেখ রাসেল ডিজিটাল ল্যাব" স্থাপন ও পরিচালনার নির্দেশিকা

ডিজিটাল বাংলাদেশ বিনির্মানের লক্ষ্যে সারাদেশে আইসিটি শিক্ষা সম্প্রসারণ এবং দক্ষ জনশক্তি গড়ার প্রত্যয়ে মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ এর পরামর্শক্রমে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের তত্ত্বাবধানে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের ছাত্র-ছাত্রীসহ আগ্রহী তরুণ-তরুণীদের আইসিটি বিষয়ে প্রশিক্ষণ লাভ ও কর্মসংস্থানের সক্ষমতা অর্জনের লক্ষ্যে সারাদেশের ৪১৭৬টি শিক্ষা প্রতিষ্ঠান ও সৌদিআরবে অবস্থিত বাংলাদেশ কমিউনিটির ০৯টি স্কুলে ১৫টি **"শেখ রাসেল ডিজিটাল ল্যাব"** এবং ১৬০টি প্রাথমিক বিদ্যালয়ে **"শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম"** স্থাপন করা হয়েছে।

এছাড়াও ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সারাদেশে আইসিটি শিক্ষার গুণগত মানোন্নয়নের উদ্দেশ্যে শিক্ষায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রয়োজনীয় অবকাঠামো স্থাপন, আইসিটির নিত্য নতুন প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে মানবসম্পদ উন্নয়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)" এর আওতায় সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠান (মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, মাদ্রাসা, কলেজ বা সমপর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান) শিক্ষা সংশ্লিষ্ট সরকারি প্রতিষ্ঠান এবং বিভিন্ন সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ৫০০০ (পাঁচ হাজার)টি **"শেখ রাসেল ডিজিটাল ল্যাব"** এবং প্রতিটি সংসদীয় আসনে ০১ (এক)টি করে মোট ৩০০ (তিনশত)টি **"শেখ রাসেল স্কুল অব ফিউচার"** স্থাপনের কাজ চলমান রয়েছে।

**নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করতে হবে:**

১) নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের কোনোটিতে নির্দেশিকা/চেকলিষ্ট অনুযায়ী কোন শর্ত/শর্তসমূহের ঘাটতি পাওয়া গেলে পরবর্তী যে কোন পর্যায়ে উক্ত প্রতিষ্ঠানকে ল্যাব স্থাপনের কার্যক্রম হতে বাদ দেয়ার এখতিয়ার প্রকল্প কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

২) নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের প্রধানকে প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ল্যাব রেনোভেশন ও ইন্টেরিয়র ডিজাইনের সকল শর্ত যথাযথভাবে অনুসরণ করে ল্যাব স্থাপন করতে হবে।

৩) ল্যাব স্থাপনের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠান প্রধানকে প্রকল্প কর্তৃপক্ষের সাথে সম্পাদিত চুক্তির সকল শর্ত যথাযথভাবে অনুসরণ করতে হবে।

## ক) প্রকল্প দপ্তরের দায়িত্ব ও কার্যাবলী:

❖ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সারাদেশে আইসিটি শিক্ষার গুণগত মানোন্নয়নের উদ্দেশ্যে এবং শিক্ষায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রয়োজনীয় অবকাঠামো স্থাপন, আইসিটির নিত্যনতুন প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে মানবসম্পদ উন্নয়নের লক্ষ্যে "শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়)" প্রকল্পের আওতায় নির্বাচিত প্রতিটি প্রতিষ্ঠানে "শেখ রাসেল ডিজিটাল ল্যাব"-এর জন্য নিম্নবর্ণিত আইটি সরঞ্জাম এবং আসবাবপত্র সমূহ সরবরাহ করা হবে:

| নং | ল্যাবের আইটি সরঞ্জাম সমূহের নাম | সংখ্যা |
|---|---|---|
| ১ | ল্যাপটপ | ১৭ টি |
| ২ | প্রিন্টার | ১ টি |
| ৩ | স্ক্যানার | ১ টি |
| ৪ | স্মার্ট এল, ই, ডি টেলিভিশন | ১ টি |
| ৫ | ওয়েব ক্যামেরা | ১ টি |
| ৬ | রাউটার | ১ টি |
| ৭ | নেটওয়ার্ক সুইচ | ১ টি |
| ৮ | ইন্টারনেট কানেক্টিভিটি | ০৬ মাস |

| ক্রম | আসবাবপত্র | সংখ্যা |
|---|---|---|
| ১ | ইন্সট্রাক্টর টেবিল | ১ |
| ২ | ইন্সট্রাক্টর চেয়ার | ১ |
| ৩ | স্টুডেন্টস টেবিল | ১৬ |
| ৪ | স্টুডেন্টস চেয়ার | ৩২ |

- শিক্ষা প্রতিষ্ঠানকে ল্যাব রেনোভেশন ও ইন্টেরিয়র ডিজাইন বাবদ ভ্যাট ও ট্যাক্সসহ **৬৫,০০০/- (পঁয়ষট্টি হাজার)** টাকা প্রদান করা হবে। **উক্ত অর্থ দিয়ে "শেখ রাসেল ডিজিটাল ল্যাব রেনোভেশন ও ইন্টেরিয়র ডিজাইন বাস্তবায়ন নির্দেশিকা" অনুযায়ী বর্ণিত সরঞ্জামাদি ক্রয় এবং ল্যাবে স্থাপন করতে হবে।** বর্ণিত বরাদ্দ প্রচলিত বিধি ও পিপিআর-২০০৮ মোতাবেক ব্যয় করতে হবে।
- প্রকল্প দপ্তর/আইসিটি অধিদপ্তর/আইসিটি বিভাগ এর বিভিন্ন দপ্তর/সংস্থা ও শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর/সংস্থা থেকে বিভিন্ন সময়ে শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন ও মনিটরিং করা হবে।

**খ) জেলা/উপজেলা আইসিটি বিষয়ক কমিটির দায়িত্ব:**

১) শিক্ষা মন্ত্রণালয় হতে সময়ে সময়ে জারিকৃত "কম্পিউটার ল্যাব পরিচালনার নীতিমালা" যথাযথভাবে বাস্তবায়নে সহযোগিতা ও নির্দেশনা প্রদান।

২) প্রকল্প দপ্তর থেকে প্রণিত "ল্যাব রেনোভেশন ও ইন্টেরিয়র ডিজাইন বাস্তবায়ন" সংক্রান্ত নির্দেশিকা/গাইডলাইন যথাযথভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা ও নির্দেশনা প্রদান।

৩) ল্যাবের ইন্টেরিয়র ডিজাইন ও রেনোভেশনের কাজ যথাযথভাবে হয়েছে কিনা তা সরেজমিনে পরিদর্শন পূর্বক সচিত্র প্রতিবেদন প্রকল্প দপ্তরে প্রেরণ।

৪) ল্যাবগুলো যথাযথভাবে পরিচালিত হচ্ছে কিনা তা তদারকি করা ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা।

**গ) নির্বাচিত প্রতিষ্ঠান কর্তৃপক্ষের অবশ্য পালনীয় দায়িত্বাবলী:**

- ল্যাব স্থাপনের উপর্যুক্ত শর্তাবলী ও শিক্ষা মন্ত্রণালয় হতে সময়ে সময়ে জারিকৃত "কম্পিউটার ল্যাব পরিচালনার নীতিমালা" যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপনের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে কমপক্ষে ২২ ফুট দৈর্ঘ্য এবং ১৮ ফুট প্রস্থ বা আরো প্রশস্ত কক্ষের ব্যবস্থা করতে হবে।
- নির্বাচিত কক্ষটি পর্যাপ্ত আলো-বাতাসপূর্ণ, স্যাঁতস্যাতে পরিবেশ মুক্ত ও সুন্দর অবকাঠামো বিশিষ্ট হতে হবে।

- **নির্বাচিত প্রতিষ্ঠান সমূহকে নিজ অর্থায়নে নিম্নরূপ কার্যাদি সম্পন্ন করে রাখতে হবে:**
  - শেখ রাসেল ডিজিটাল ল্যাবের জন্য নির্বাচিত কক্ষটির নিরাপত্তার স্বার্থে দরজা-জানালা মজবুতকরণ ও উন্নত অবকাঠামো বিশিষ্ট হতে হবে।
  - ল্যাপটপ ও অন্যান্য আনুসাঙ্গিক যন্ত্রপাতিতে বিদ্যুৎ সংযোগের জন্য ল্যাব কক্ষে প্রয়োজনীয় বৈদ্যুতিক সংযোগ/ওয়ারিং করতে হবে এবং প্রয়োজন অনুযায়ী সিলিং ফ্যান ও বৈদ্যুতিক লাইটের ব্যবস্থা করতে হবে।
  - নিরাপদ বৈদ্যুতিক সংযোগের জন্য একটি সিঙ্গেল সার্কিট ব্রেকার ব্যবহার করতে হবে। যার মাধ্যমে ল্যাব কক্ষের সকল সংযোগ সচল/বন্ধ করা যাবে।
  - শেখ রাসেল ডিজিটাল ল্যাব কক্ষের মেঝে/ফ্লোর টাইলস ফিটিংস করতে হবে অন্যথায় ফ্লোর ম্যাট ক্রয় ও স্থাপন করতে হবে।

**বিশেষভাবে উল্লেখ্য যে, উপর্যুক্ত কার্যাদি আবশ্যিকভাবে প্রতিষ্ঠানের নিজস্ব উদ্যোগ ও অর্থায়নে সম্পন্ন করে রাখতে হবে।**

❖ **প্রকল্প দপ্তর কর্তৃক প্রদানকৃত বরাদ্দ ৬৫০০০/= (পঁয়ষট্টি হাজার) টাকা দ্বারা নির্বাচিত প্রতিষ্ঠান সমূহ ল্যাব রেনোভেশন ও ডিজাইন বাস্তবায়ন নির্দেশিকা অনুযায়ী নিম্নবর্ণিত সরঞ্জামাদি ক্রয় এবং ল্যাবে স্থাপন করতে হবে:**

| ক্রমিক | ল্যাব রেনোভেশন ও ইন্টেরিয়র ডিজাইন বিষয়ক সরঞ্জামাদির বিবরণ | সংখ্যা | নির্দেশনা |
|---|---|---|---|
| ১ | নির্দেশিকা অনুযায়ী কক্ষ রংকরণ | - | দেয়ালের সামনে/পেছনে হলুদ এবং দুই পাশে নীল রং থাকবে (প্লাস্টিক পেইন্ট) |
| ২ | মাল্টিপারপাস সেলফ/আলমিরা | ১টি | নির্দেশিকা অনুযায়ী ক্রয় করতে হবে (দৈর্ঘ্য: ৪ ফুট, প্রস্থ: ১.৪ ফুট, উচ্চতা: ৬ ফুট)। অবশ্যই দেশের শীর্ষ স্থানীয় যে কোন ব্র্যান্ডের হতে হবে। |
| ৩ | হোয়াইট বোর্ড | ১টি | ৬ ফুট × ৪ ফুট মাপের |
| ৪ | এক্টিভিটি বোর্ড | ১টি | ৫ ফুট × ৪ ফুট মাপের |
| ৫ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মাননীয় প্রধানমন্ত্রীর দাপ্তরিক ছবি | ১টি | ১৮ ইঞ্চি × ২৪ ইঞ্চি (২ ইঞ্চি মাপের গোল্ডেন ফ্রেমসহ) |
| ৬ | কালার কোটেড ডাস্টবিন | ৪টি | শেখ রাসেল ডিজিটাল ল্যাবের ব্র্যান্ডিং ও নির্দিষ্ট লেবেলসহ |
| ৭ | স্টোনের সাইনবোর্ড | ১টি | ২.৫ ফুট × ১.৫ ফুট মাপের ইটালিয়ান মার্বেল পাথরের উপর নমুনা অনুযায়ী। (প্রকল্প দপ্তর হতে প্রদত্ত নির্দেশনা মতে) |
| ৮ | গ্লাস ম্যাটেরিয়ালের উপর শেখ রাসেল ডিজিটাল ল্যাবের লোগো | ১টি | ১.৫ ফুট × ২ ফুট মাপের গ্লাস ম্যাটেরিয়ালের উপর শেখ রাসেল ডিজিটাল ল্যাবের লোগো নমুনা অনুযায়ী তৈরি করতে হবে। (প্রকল্প দপ্তর হতে প্রদত্ত নির্দেশনা মতে) |
| ৯ | স্টোনের উদ্বোধনী ফলক | ১টি | ২ ফুট × ১.৫ ফুট মাপের ইটালিয়ান মার্বেল পাথরের উপর নমুনা অনুযায়ী তৈরি করতে হবে। (প্রকল্প দপ্তর হতে প্রদত্ত নির্দেশনা মতে) |
| ১০ | দরজা-জানালার পর্দা | - | দেয়ালের রংয়ের সাথে সামঞ্জস্য রেখে প্রয়োজনীয় সংখ্যক |

**বিশেষ দ্রষ্টব্যঃ ল্যাব কক্ষ রেনোভেশন ও ইন্টেরিয়র ডিজাইনের সচিত্র প্রতিবেদন প্রকল্প দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।**